দৈনিক সংবাদ

তারিখ ... 17 AUG. 1997... ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩......

27

### মতবিনিময় সভায় আহ্বান

# ধর্মনিরপেক্ষ ও বিজ্ঞান ভিত্তিক শিক্ষা চাই

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল শনিবার বিকেলে বিজ্ঞানমনস্ক, বিজ্ঞানকর্মী ও বিজ্ঞানীদের এক মতবিনিময় সভায় বক্তারা ধর্মনিরপেক্ষ ও বিজ্ঞানভিত্তিক শিক্ষাব্যবস্থা চালুর আহ্বান জানিয়েছেন।

প্রকৌশল বিশ্ববিদ্যালয় সেমিনার কক্ষে বিজ্ঞানমঞ্চ আয়োজিত এ মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন সংগঠনের আহ্বায়ক ডঃ এ আর খান। 'ধর্মের নামে ব্যবসা ও সাম্প্রদায়িকতা রোধে বিজ্ঞান কর্মীদের ভূমিকা' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যাপিকা এ এন রাশেদা। আলোচনায় অংশ নেন ডঃ আবদুল্লাহ আল মুতী শরফুদ্দীন, ডঃ কাদের ও অধ্যাপক কাদের। নটরডেম বিজ্ঞান ক্লাব, অনুসন্ধিৎসু ক্লাব, এস্ট্রোনমিক্যাল এসোসিয়েশন প্রভৃতি সংগঠনের প্রতিনিধিরা এ মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন।

নিবন্ধে এ এন রাশেদা বলেন, বিজ্ঞানভিত্তিক শিক্ষাব্যবস্থা প্রবর্তন করা ছাড়া জনগণকে কুসংস্কারমুক্ত করা যাবে না। তিনি বলেন, ধর্ম শিক্ষাকে আজ প্রাথমিক স্তরেই বাধ্যতামূলক করা হয়েছে। অথচ এর পরও নৈতিক শিক্ষার কোন উন্নয়ন ঘটেনি। মাদ্রাসাগুলোতে দুর্নীতি আর অনিয়ম ভয়ানকভাবে বেড়েছে। সরকার ভৌত সুযোগ-সুবিধা ছাড়াই শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ধর্ম শিক্ষা চালু করেছে।

ডঃ আবদুল্লাহ আল মুতী শরফুদ্দীন বলেন, ধর্মনিরপেক্ষ শিক্ষাব্যবস্থা চালু করার কোন বিকল্প নেই। আজো গ্রামেগঞ্জে মানুষ অবৈজ্ঞানিক সব কুসংস্কারে বিশ্বাস করে। এর সুযোগ নেয় তথাকথিত ধর্ম ব্যবসায়ীরা। এ অবস্থার পরিবর্তন ঘটাতে হবে।

তিনি বলেন, এজন্যে বিজ্ঞানকর্মীদেরকে জনগণের পাশে গিয়ে কুসংস্কারের বিরুদ্ধে বিজ্ঞানকে ব্যাখ্যা করতে হবে। বিজ্ঞান ক্লাবগুলোকে ছড়িয়ে দিতে হবে সারাদেশে।